গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-২ শাখা
www.shed.gov.bd

**বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর সার্বিক কার্যক্রম সম্পর্কিত সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব আবদুল খালেক, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

সভার তারিখ : ০৩ আগস্ট ২০২৬ খ্রি:।

সময় : বিকাল ৪:৩০ টা।
স্থান : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সভাকক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

সভাপতি সভার শুরুতে মাননীয় শিক্ষা মন্ত্রী, ড. আ ন ম এহছানুল হক মিলন-কে সভায় উপস্থিত থাকার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), এনটিআরসিএ সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

২. আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত:

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. ১৯তম এনটিআরসিএ শিক্ষক (প্রবেশ পর্যায়) নিবন্ধন পরীক্ষা গ্রহণ | চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), এনটিআরসিএ সভাকে অবহিত করেন যে, ২০০৫ সনের ১ নং আইন 'বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫' এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত 'বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬' অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক হিসেবে নিবন্ধন ও প্রত্যয়নের জন্য প্রার্থীদের যোগ্যতা নিরূপন ও এতদ্বিষয়ে প্রত্যয়নপত্র প্রদানের উদ্দেশ্যে প্রতি পঞ্জিকা বর্ষে অন্তত একবার পরীক্ষা গ্রহণের জন্য নির্দেশনা রয়েছে। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) হতে সর্বশেষ ২০২৩ সালে নিয়োগ পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। সে প্রেক্ষিতে ১৯তম এনটিআরসিএ শিক্ষক (প্রবেশ পর্যায়) নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করা প্রয়োজন। | ১ (ক) 'বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫' অনুযায়ী এখন থেকে এনটিআরসিএ কেবলমাত্র নিবন্ধন ও প্রত্যয়নের কাজ করবে। ২০১৫ সালের পরিপত্র অনুযায়ী আর নিয়োগ সুপারিশ করবে না। এ লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং এনটিআরসিএ |
| | তিনি সভাকে অবহিত করেন যে, সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬ অনুযায়ী ১৯তম এনটিআরসিএ শিক্ষক (প্রবেশ পর্যায়) নিবন্ধনের লক্ষ্যে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা) থেকে অনলাইনে নতুন প্লাটফর্মে ১১৬টি বিষয়ে মোট ৭৭,৭৯৯ টি এমপিওভুক্ত শূন্যপদের চাহিদা (e-Requisition) সংগ্রহ করা হয়েছে। পরবর্তীতে উক্ত চাহিদাসমূহ সংশ্লিষ্ট অধিদপ্তরসমূহ কর্তৃক যাচাই করে ৭৫,৭৬৯ টি শূন্যপদ পাওয়া যায়। | ১ (খ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষকগণের বদলি কার্যক্রম মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক দ্রুত সম্পন্ন করতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| | শূন্যপদ না থাকার কারণে ১৮তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ৯,৮৪২ জন নিয়োগ সুপারিশপ্রাপ্ত হয়নি। উক্ত প্রার্থীদেরকে নিয়োগ সুপারিশের লক্ষ্যে বর্তমান ৭৫,৭৬৯টি শূন্যপদ থেকে ৯,৮৪২ টি পদ সংরক্ষণ করে অবশিষ্ট ৬৫,৯২৭টি পদ পূরণের লক্ষ্যে ১৯তম এনটিআরসিএ শিক্ষক (প্রবেশ পর্যায়) নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করা যেতে পারে।<br><br>সভাপতি মহোদয় ১৯তম এনটিআরসিএ শিক্ষক (প্রবেশ | ১ (গ) ১৮তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ৯৮৪২ জন তাদের পছন্দ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে স্বউদ্যোগে ০১ (ক) এর সিদ্ধান্ত অনুযায়ী ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হবেন। এ লক্ষ্যে প্রয়োজনীয় পরিপত্র/প্রজ্ঞাপন সংশোধন/জারি করতে হবে। | এনটিআরসিএ |

D:\MITHUN\NTRCA\সার্বিক বিষয়\বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর সার্বিক কার্যক্রম সম্পর্কিত সভার কার্যবিবরণী.doc

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | পর্যায়) নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশের বিষয়ে সভায় উপস্থিত সকলের মতামত আহ্বান করেন। প্রাপ্ত মতামতসমূহ সভায় বিস্তারিত আলোচনা শেষে সভাপতি বর্তমানে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষকগণের বদলি কার্যক্রম মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক সম্পন্ন করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন। এর মাধ্যমে সৃষ্ট শূন্যপদসমূহে উক্ত ৯৮৪২ জন নিয়োগের সুযোগ পাবেন।<br><br>মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় অভিমত ব্যক্ত করেন যে, ২০০৫ সাল হতে ২০১৫ সালের পূর্বে এনটিআরসিএ কেবলমাত্র নিবন্ধন ও প্রত্যয়ন কার্যক্রম পরিচালনা করতো। ২০১৫ সাল থেকে এনটিআরসিএ-এর সক্ষমতার বাইরে গিয়ে নিয়োগ সুপারিশ করার পর থেকে বিভিন্ন জটিলতা, মামলা এবং অচলাবস্থা সৃষ্টি হয়।<br><br>বর্তমানে নির্বাচিত গণতান্ত্রিক সরকার সুষ্ঠুভাবে রাষ্ট্র পরিচালনা এবং একটি দক্ষ ও কার্যকর শিক্ষাব্যবস্থা গড়ে তোলার নিমিত্তে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এনটিআরসিএ এর বর্তমান অচলাবস্থা নিরসনে পূর্বের ন্যায় এনটিআরসিএ কর্তৃক কেবলমাত্র নিবন্ধন ও প্রত্যয়ন কার্যক্রম পরিচালনা করা এবং প্রত্যয়নকৃত শিক্ষকগণকে প্রতিষ্ঠানের স্ব স্ব ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি কর্তৃক নিয়োগ প্রদানের মাধ্যমে বর্তমান সমস্যার সমাধান করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন।<br><br>সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। | ১ (ঘ) যথাসম্ভব ৬৫,৯২৭টি পদ পূরণের লক্ষ্যে ১৯তম এনটিআরসিএ শিক্ষক (প্রবেশ পর্যায়) নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং যথাসম্ভব বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও এনটিআরসিএ |
| ২. ১৮তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ভুল সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের বিষয়ে করণীয় এবং পুন: সুপারিশকরণ | চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), এনটিআরসিএ সভাকে অবহিত করেন যে, এনটিআরসিএ কর্তৃক ৬ষ্ঠ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি-২০২৫ ও ৭ম নিয়োগ বিজ্ঞপ্তি (বিশেষ)-২০২৬ এর আওতায় চূড়ান্ত সুপারিশ পাওয়ার পর যে সকল প্রার্থী প্রতিষ্ঠান কর্তৃক ভুল চাহিদার প্রেক্ষিতে ভুল সুপারিশ প্রাপ্ত, সুপারিশকৃত প্রতিষ্ঠানে কাম্য শিক্ষার্থী না থাকা, এমপিও প্রত্যাখ্যান অথবা যোগদানের পর পদ সংক্রান্ত বিভিন্ন জটিলতার কারণে এমপিওভুক্তিতে সমস্যার সৃষ্টি হয়েছে এমন প্রার্থীদের আবেদনসমূহ নিয়োগ সুপারিশ কমিটি কর্তৃক যাচাইঅন্তে ১৯৯ জন প্রার্থীদের প্রতিস্থাপনের জন্য অনুমোদন করা হয়। যাচাইকৃত ১৯৯ জন প্রার্থীকে প্রথমে তাদের স্ব স্ব উপজেলায়, উপজেলায় পদ শূন্য না থাকলে জেলায় ও বিভাগে পর্যায়ক্রমে পুন:সুপারিশের জন্য পূর্বের ধারাবাহিকতায় প্রচলিত নিয়ম অনুসরণপূর্বক টেলিটক বাংলাদেশ লিমিটেড এর সফটওয়্যারের মাধ্যমে ৯ম এনটিআরসিএ (শিক্ষক) নিয়োগের শূন্যপদের চাহিদা থেকে তাদের জন্য প্রযোজ্য প্রতিষ্ঠানের শূন্যপদ যথাযথ প্রক্রিয়ায় পুন:সুপারিশ করা যেতে পারে। | ৬ষ্ঠ ও ৭ম নিয়োগ পরীক্ষায় প্রতিষ্ঠানের ভুল চাহিদার প্রেক্ষিতে ভুল সুপারিশপ্রাপ্ত ১৯৯ জন প্রার্থীকে যথাযথ প্রক্রিয়া অবলম্বনপূর্বক দ্রুততম সময়ের মধ্যে পুন:সুপারিশ করতে হবে। | এনটিআরসিএ |
| ৩. ৮ম এনটিআরসিএ নিয়োগ (প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান) পরীক্ষা-২০২৬ এর মৌখিক পরীক্ষা গ্রহণ | চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), এনটিআরসিএ সভাকে অবহিত করেন যে, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান (অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, সুপারিনটেনডেন্ট ও সহকারী সুপারিনটেনডেন্ট) পদে নিয়োগের নিমিত্ত ১১,১৫১টি শূন্যপদের বিপরীতে ৫৩,০৬৯ জন প্রার্থী আবেদন করেন। গত ১৮ এপ্রিল ২০২৬ তারিখে ঢাকা মহানগরের ০৯টি ভেন্যুতে MCQ পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়। উক্ত পরীক্ষায় ৪৮,১৫২ জন প্রার্থী অংশগ্রহণ করেন। গত | ৮ম এনটিআরসিএ নিয়োগ (প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান) পরীক্ষা-২০২৬ এর বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করতে হবে। বাছাই পরীক্ষা এবং মৌখিক পরীক্ষায় পৃথকভাবে কৃতকার্য | এনটিআরসিএ |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ২২ এপ্রিল ২০২৬ তারিখে MCQ পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয় এবং ১৪,৯৪২ জন প্রার্থী উত্তীর্ণ হয়। উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা প্রয়োজন।<br><br>সভাপতি মহোদয় ৮ম এনটিআরসিএ নিয়োগ (প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান) পরীক্ষা-২০২৬ এর MCQ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের বিষয়ে সভায় উপস্থিত সকলের মতামত আহবান করেন। প্রাপ্ত মতামতসমূহ সভায় বিস্তারিত আলোচনা শেষে সভাপতি উল্লিখিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে অভিমত ব্যক্ত করেন। সংশ্লিষ্ট পদসমূহে পদায়ন পেতে হলে মৌখিক পরীক্ষাতে পৃথকভাবে উত্তীর্ণ হওয়ার উপর মাননীয় শিক্ষামন্ত্রী গুরুত্বারোপ করেন।<br>সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। | প্রার্থীদেরকেই কেবল প্রত্যয়ন প্রদান করা হবে। | |

০২। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের প্রশাসনিক অনুমোদনের পর অর্থাৎ মাননীয় মন্ত্রী এবং এ সংক্রান্ত আদেশ/ পরিপত্র/ প্রজ্ঞাপন প্রয়োজনীয় সংশোধন করত: আদেশ জারি করা হবে।

০৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
আবদুল খালেক
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

নং- ৩৭.০০.০০০০.০৭৩.০৮.০০৩১.২৬.১৮৫

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩৩ / ০৪ আগস্ট ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৩. চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা
৪. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. মহাপরিচালক (অতিরিক্ত সচিব) (অতিরিক্ত দায়িত্ব), মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. যুগ্মসচিব, বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
১২. যুগ্মসচিব, বেসরকারি মাধ্যমিক-৩ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
১৩. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
১৪. সিনিয়র সহকারী সচিব, বেসরকারি মাধ্যমিক-১ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
১৫. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

০৪/০৮/২৬

শিরীন আক্তার
সিনিয়র সহকারী সচিব

D:\MITHUN\NTRCA\বার্ষিক বিষয়\বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর সার্বিক কার্যক্রম সম্পর্কিত সভার কার্যবিবরণী.doc